EIIN:139272

# লিডার্স স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম

তুফানী রোড, বালুছড়া, জালালাবাদ-৪২১৪, বায়েজিদ, চট্টগ্রাম।

তারিখ: ১৩-০৭-২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক লিডার্স স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নপদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে লিখিত আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

| ক্র | পদের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ১ | **প্রভাষক - তথ্য ও যোগাযোগ প্রযুক্তি** | ২ জন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণি/সমমানের জিপিএ'র স্নাতকোত্তর ডিগ্রী। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের জিপিএ'র স্নাতক (সম্মান ডিগ্রী)। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না। | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) |
| ২ | **প্রভাষক - ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (খণ্ডকালীন)** | ১ জন | | |
| ৩ | **সহকারী শিক্ষক-রসায়ন** | ১ জন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক/স্নাতকোত্তর। সমগ্র শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না। | **গ্রেড-১১** ১২,৫০০-৩০২৩০/- (বি.এড ছাড়া) |
| ৪ | **সহকারী শিক্ষক - ব্যবসায় শিক্ষা** | ১ জন | | **গ্রেড-১০** ১৬,০০০-৩৮,৬৪০/- (বি.এড সহ) * শর্ত প্রযোজ্য। |

**বি:দ্র: সরকার ঘোষিত নতুন পে স্কেলের গেজেট প্রকাশের সাথে সাথে অত্র প্রতিষ্ঠানে তা কার্যকর করা হবে।**

### সুবিধাবলী:

নিয়োগপত্র প্রাপ্তদের ক্ষেত্রে যোগদানের তারিখ থেকে প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী মূল বেতন, বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, উৎসব ভাতা, নববর্ষ ভাতা প্রদান করা হয়। স্থায়ীভাবে নিয়োগ প্রাপ্তির পর বিধি মোতাবেক বার্ষিক বেতন বৃদ্ধিসহ উৎসাহ ভাতা, অন্যান্য ভাতাদি, ভবিষ্যৎ তহবিল এবং কল্যাণ তহবিল সুবিধা প্রদান করা হবে। প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রতি ছয় (৬) বছর পর পর বেতন বৃদ্ধিসহ পদোন্নতির সুবিধা রয়েছে। বিভিন্ন সময়ে সরকার ঘোষিত বেতন বৃদ্ধির নীতিমালা অনুসৃত হয়।

### শর্তাবলী:

১। প্রার্থীকে বাংলা এবং ইংরেজিতে লেখা এবং বলতে দক্ষ ও পারদর্শী হতে হবে এবং বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমে ক্লাস নিতে সক্ষম হতে হবে।
২। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য (যদি থাকে) সনদপত্রের অনুলিপি, জাতীয় পরিচয় পত্র, সিভি ও ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩। নিবন্ধন/ইনডেক্সধারী, অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

### সরাসরি আবেদনের নিয়মাবলি:

১। **'অধ্যক্ষ, লিডার্স স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম, ইসলামী ব্যাংক পিএলসি, বালুছড়া উপশাখা'**র অনুকূলে যে কোন শিডিউল ব্যাংক থেকে ১ নং পদের জন্য ৭০০/-(সাতশত) টাকা এবং ২-৪ নং পদের জন্য ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
২। প্রার্থীকে আগামী ১৩-০৭-২০২৬ হতে ১৩-০৮-২০২৬ তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে অথবা হাতে হাতে অফিস চলাকালীন সময়ে (সকাল ১০.০০ ঘটিকা-দুপুর ০২.০০ ঘটিকা) পৌছাতে হবে।
৩। বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যথানিয়মে আবেদন না করলে যেকোন আবেদন বাতিল করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৫। খামের উপর অবশ্যই বিষয়, পদের নাম ও সচল মোবাইল নং উল্লেখ করতে হবে।

### অনলাইনে আবেদনের নিয়মাবলি:

অনলাইনে আবেদনের জন্য তারিখ: প্রার্থীকে আগামী ১৩-০৭-২০২৬ হতে ১১-০৮-২০২৬ তারিখের মধ্যে ১ নং পদের জন্য ৭২০/-(সাতশত বিশ) টাকা এবং ২-৪ নং পদের জন্য ৫১০/-(পাঁচশত দশ) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে SSLCOMMERZ Gateway ব্যবহার করে টাকা পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদনের সকল নিয়মাবলি প্রতিষ্ঠানের ওয়েবসাইট leaders.edu.bd থেকে জানা যাবে। শুধুমাত্র অনলাইনে আবেদনকারীরা ওয়েবসাইটে প্রকাশিত প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট কপি সাথে আনতে হবে।

**লিখিত পরীক্ষার সম্ভাব্য সময়সূচি আগামী ১৪-০৮-২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা।**

কর্নেল আবু নাসের মোঃ তোহা (অব.)
অধ্যক্ষ